ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর
******

স-২৮৭৯

আগরতলা, ১৬ সেপ্টেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''জিবিতে হুইল চেয়ার, ট্রলি না মেলায় চরম দুর্ভোগে রোগী,'' এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ৯ সেপ্টেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে,হাসপাতালে রোগীদের সর্বোত্তম সেবা প্রদান নিশ্চিত করাই সর্বদা হাসপাতাল কর্তৃপক্ষের প্রধান অগ্রাধিকার। জিবিপি হাসপাতালের বিভিন্ন বিভাগে রোগীদের জন্য পর্যাপ্ত হুইলচেয়ার ও ট্রলি মজুত রয়েছে। নিয়মিত ভিত্তিতে সেগুলোর সংরক্ষণ ও ব্যবহার পর্যবেক্ষণ করা হয়। কোনো রোগী বা আত্মীয়কে যদি সাময়িকভাবে অসুবিধায় পড়তে হয়, তা মূলত একযোগে অধিক সংখ্যক রোগীর আগমন বা সরঞ্জাম অন্য ওয়ার্ডে ব্যবহৃত থাকার কারণে হতে পারে। হুইলচেয়ার ও ট্রলি দিয়ে রোগী পরিবহনের জন্য কোনো রকম অর্থ নেওয়া সম্পূর্ণভাবে অনৈতিক ও প্রশাসনের দৃষ্টিতে গুরুতর অপরাধ। যদি কোথাও এর ব্যতিক্রম ঘটেছে বলে দাবি করা হয়ে থাকে, তাহলে যথাযথ তথ্য সহ এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতাল কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হচ্ছে, যাতে দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা যায়।

এছাড়াও, প্রশাসনের নজরে এসেছে যে সম্প্রতি একজন রোগীকে আত্মীয়র কাঁধে বহন করে নিয়ে যেতে হয়েছে। তখন একটি ট্রলি এবং হুইল চেয়ার হাসপাতালের বিভিন্ন সামগ্রী পরিবহনে ব্যবহৃত হচ্ছিল।এই ঘটনাকে প্রশাসন অত্যন্ত গুরুত্ব সহকারে নিয়েছে এবং আর.এম.ও কে তদন্ত করে রিপোর্ট দেওয়ার জন্য নির্দেশিকা জারি করা হয়েছে।

সংবাদে উল্লিখিত অভিযোগ যাচাই করার জন্য অবিলম্বে সকল সিস্টার-ইন-চার্জ-এর নিকট নির্দেশ জারি করা হয়েছে, যাতে তাঁরা তাঁদের নিজ নিজ ওয়ার্ড ও বিভাগে বিদ্যমান হুইলচেয়ার ও ট্রলির প্রকৃত সংখ্যা এবং ব্যবহারযোগ্য অবস্থার পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করেন।

এই প্রতিবেদন প্রাপ্তির পর একটি বিস্তারিত সমীক্ষা পরিচালনা করে প্রয়োজনে নতুন হুইলচেয়ার ও ট্রলি সংযোজন বা মেরামতির ব্যবস্থা গ্রহণ করা হবে। হাসপাতাল কর্তৃপক্ষ নিশ্চিত করতে বদ্ধপরিকর যে, রোগীকে এক বিভাগ থেকে অন্য বিভাগে স্থানান্তরের সময় কোনওরূপ অসুবিধা না হয়। হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে ইতিমধ্যেই প্রয়োজনীয় সংখ্যক হুইলচেয়ার ও ট্রলি বিদ্যমান রয়েছে। তবে যেকোনও অপ্রত্যাশিত পরিস্থিতি এড়াতে পুরো প্রক্রিয়াটি পুনরায় যাচাই করা হচ্ছে।

*******